

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৫-২০১৬/৪৮৫(১২৫০)

তারিখঃ ০১-১১-২০১৫

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শাখার নিরাপত্তা বিধান ও দুর্ঘটনা রোধকল্পে ভল্ট ও স্ট্রিং রুম শক্তিশালীকরণ, উহার চাবী যথাযথভাবে সংরক্ষণ, নিরাপত্তা প্রহরীর শাখায় অবস্থান নিশ্চিতকরণসহ ভল্টে সীমিতরিজক টাকা ধারণ না করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে জারীকৃত ১৫-১১-২০১১ ও ১২-০৩-২০১৪ তারিখের পত্র নম্বর যথাক্রমে প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১১-২০১২/৭২৫(১২০০) এবং প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৫-২০১৬/১৪৫১(১২৫০) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে শাখার নিরাপত্তা বিধান ও দুর্ঘটনা রোধকল্পে ভল্ট ও স্ট্রিং রুমের চাবী যথাযথ সংরক্ষণ, নিরাপত্তা প্রহরীর শাখায় অবস্থান নিশ্চিতকরণসহ এ সংক্রান্ত বিষয়ে কতিপয় নির্দেশনা বাস্তবায়নের নির্দেশনা দেয়া হয়।

০৩। অতি সম্প্রতি বিকেবি, মৌলভীবাজার শাখায় দুর্ঘটনা সংঘটিত হয়েছে। ডাকাত দল শাখার পিছনের জানালার খিল কেটে ব্যাংকের অভ্যন্তরে প্রবেশপূর্বক ভল্ট ভেঙ্গে ভল্টে রক্ষিত টাকা ও প্রাইজবন্ড নিয়ে গেছে। ফলশ্রুতিতে ব্যাংকের বিপুল পরিমাণ আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। বিষয়টি বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে ফলাও করে প্রচারিত হয়েছে। শাখার সার্বিক অব্যবস্থাপনা, শাখার গোপনীয় তথ্য পাচার, শাখার দুর্বল স্ট্রিং রুম/ভল্ট নির্মাণ, এলাকায় পুলিশ প্রহরা জোরদার না থাকা, শাখার নিরাপত্তা প্রহরীর দায়িত্ব পালনে অবহেলা, নিরাপত্তা প্রহরী রাতে শাখায় অবস্থান না করা ইত্যাদি কারণে এ ধরনের দুর্ঘটনা সংঘটিত হয়ে থাকে। অত্র বিভাগের উপরোক্ত পত্রের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা শাখা কর্তৃক যথাযথ পরিপালন করা হলে এবং প্রয়োজনীয় সতর্কতা/সাবধানতা অবলম্বন করা হলে বর্ণিত দুর্ঘটনা সংঘটিত হত না মর্মে ধারণা করা যায়।

০৪। এমতাবস্থায়, অত্র বিভাগ হতে ইতোপূর্বে জারীকৃত উপরোক্ত পত্রসমূহের নির্দেশনার আলোকে শাখার নিরাপত্তা বিধান ও দুর্ঘটনা রোধকল্পে ভল্ট ও স্ট্রিং রুম শক্তিশালী করাসহ উহার চাবী যথাযথভাবে সংরক্ষণ এবং নিরাপত্তা প্রহরীর শাখায় অবস্থান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো। এ ছাড়াও ব্যাংকের নিরাপত্তা ও সুষ্ঠু তহবিল ব্যবস্থাপনার স্বার্থে শাখায় কোন অবস্থায়ই অনুমোদিত সীমার অতিরিক্ত টাকা ভল্টে রাখা যাবে না। শাখার লেনদেন ও ব্যবসা বৃদ্ধির কারণে শাখার বর্তমান অনুমোদিত ভল্ট সীমার চেয়ে বেশী তহবিল ধারণ করার প্রয়োজন হলে সে ক্ষেত্রে যৌক্তিক পরিমাণ ভল্ট লিমিট নির্ধারণ করতে হবে। অতিরিক্ত টাকা ভল্টে রাখার কারণে যদি কোন ধরনের দুর্ঘটনা সংঘটিত হয়- সে ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও ক্যাশের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন। শাখার ভল্টে সীমিতরিজক তহবিল ধারণ করার ব্যাপারে বিভাগীয় মহাব্যবস্থাপক/অঞ্চল প্রধান কর্তৃক নিয়মিত শাখা পরিদর্শনপূর্বক এতদ্বিষয়ে শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান/ সতর্ক করা হলে শাখাসমূহ ভল্টে সীমিতরিজক তহবিল ধারণ করা থেকে বিরত থাকবে। কাজেই শাখায় সীমিতরিজক তহবিল ধারণের ফলে কোন অপ্রীতিকর অথবা দুর্ঘটনা সংঘটিত হওয়ার জন্য পরোক্ষভাবে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষও দায়ী হবেন।

চলমান পাতা/০২

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে শাখা পরিদর্শনকালে শাখাসমূহ কর্তৃক উপরোক্ত নির্দেশনা যথাযথ পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। এ ব্যাপারে কোন ধরণের অবহেলা বা গাফিলতি পরিলক্ষিত হলে সে জন্য শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকেও শাখাসমূহ নিরীক্ষাকালে বিষয়টি পর্যবেক্ষণপূর্বক আলোচ্য নির্দেশনাসমূহ শাখা কর্তৃক পরিপালিত না হলে সে ক্ষেত্রে নিরীক্ষা আপত্তি উত্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

০৬। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,



(এ,আর,এম আনিস উজ্জামান)

উপ-মহাব্যবস্থাপক


ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখঃ ০১-১১-২০১৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৫-২০১৬/৪৮৫(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।



(মোঃ শাহজাহান)

সহকারী মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৮৭২৩৬